দৈনিক বাংলা

25

তারিখ 17 OCT 1996
পৃষ্ঠা কলাম

# আইডিয়াল স্কুল ও কলেজ অধ্যক্ষকে নাজেহালের প্রতিবাদে মিছিল

বুধবার আইডিয়াল স্কুল এন্ড কলেজ অভিভাবক ফোরামের এক সমাবেশে অধ্যক্ষকে আক্রমণকারী শিক্ষক নামধারী সন্ত্রাসীদের চাকরি থেকে অপসারণ এবং গ্রেফতার করার দাবী জানানো হয়েছে।

বুধবার বিকালে ফোরামের আহ্বায়ক মোহাম্মদ সিরাজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সমাবেশে অধ্যক্ষ ফয়জুর রহমানকে আমরণ আইডিয়াল স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ পদে বহাল রাখার দাবী জানানো হয়। এছাড়া এই শিক্ষা প্রতিষ্ঠানের জন্য একটি আলাদা গঠনতন্ত্র করার দাবীও জানানো হয়। আগামীকাল বিকাল তিনটায় আইডিয়াল স্কুল এন্ড কলেজ প্রাঙ্গণে অভিভাবক ও অভিভাবিকাদের এক মহাসমাবেশ অনুষ্ঠানের সিদ্ধান্ত নেয়া হয়।

সমাবেশে বক্তৃতা করেন ফোরামের যুগ্ম আহ্বায়ক নুর আহমদ, সদস্যসচিব ফরিদউদ্দিন আহমদ, প্রাক্তন ছাত্র মোঃ সোহেল, ফাতেমা জাহানারা, ফিরোজ জাহাঙ্গীর, কাজী আহসানুজ্জামান, জিনাত আরা নাইম ও সৈয়দ হাসিনা, হারুন। সমাবেশ শেষে এক বিশাল মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে প্রেসক্লাবে গিয়ে শেষ হয়।

**জাতীয়তাবাদী গবেষণা পরিষদ**

জাতীয়তাবাদী গবেষণা পরিষদের সভাপতি ইবরাহিম রহমান এবং সাধারণ সম্পাদক জয়নুল আবেদীন বুধবার এক বিবৃতিতে আইডিয়াল স্কুলের অধ্যক্ষ ফয়জুর রহমানের উপর দৈহিক হামলার তীব্র নিন্দা জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ বলেন, অধ্যক্ষ ফয়জুর রহমান একজন কৃতিমান শিক্ষক এবং সর্বজনশ্রদ্ধেয় জাতীয় ব্যক্তিত্ব। তাঁরা বলেন, কতিপয় শিক্ষক তাদের ব্যক্তিগত স্বার্থে আঘাত লাগার কারণে তাঁর উপর দৈহিক হামলা চালিয়ে যে ন্যাক্কারজনক ও জঘন্য নজীর সৃষ্টি করেছেন তা শিক্ষাঙ্গনে একটি কলঙ্কজনক অধ্যায় হয়ে থাকবে। তিনি যতদিন শারীরিকভাবে সক্ষম থাকবেন ততদিন তাকে স্কুলের অধ্যক্ষ হিসাবে রাখার জন্য নেতৃবৃন্দ দাবী জানান।